

জাম্বকথা

জোর দিতে হবে কারিগরি শিক্ষায় ইমরান ফয়সাল

কারিগরি শিক্ষা বলতে এমন এক শিক্ষা বোঝায়, যা আমাদের হাতে-কলমে শিক্ষা প্রদান করে এবং তা একজন শিক্ষার্থীকে বিশেষ কোনো শিল্প, প্রযুক্তি বা কর্মক্ষেত্রে দক্ষ করে গড়ে তুলতে সহায়তা করে। বিশেষ সঙ্গে তাল মিলিয়ে চলতে হলে প্রথমে আমাদের অধিনেতৃত্বভাবে সমৃদ্ধ হতে হবে। এজন্য কারিগরি শিক্ষা নিশ্চিত করা খুবই জরুরি। কারিগরি শিক্ষা দেশে প্রত্যক্ষভাবে কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখে। একজন কারিগরি শিক্ষায় প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি সাধারণত যে কোনো সময় যে কোনো কাজে যোগ দেওয়ার সক্ষমতা অর্জন করে। এর মাধ্যমে একদিকে যেমন কর্মসূচী শিক্ষার দক্ষতা অর্জিত হয়, অপরদিকে যুবকদের মধ্যে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পায়। যারা কারিগরি শিক্ষায় শিক্ষিত, তারা তাদের দক্ষতাকে ব্যবহার করে নিজেই কর্মসংস্থান সৃষ্টি করে স্বাবলম্বী হতে পারে। এর ফলস্বরূপ তারা প্রযুক্তিভিত্তিক কোনো কাজ নতুন গতিতে শুরু করতে পারে। একজন দক্ষ ইলেক্ট্রিশিয়ান, মেকানিক বা ওয়েব ডেভেলপার তার কাজের মাধ্যমে প্রমাণ করে কারিগরি শিক্ষা তাদের জীবনে কর্তৃক গুরুত্বপূর্ণ ও লাভজনক হতে পারে। পৃথিবীর অনেক দেশ এখন কারিগরি শিক্ষার প্রতি বেশ গুরুত্ব দিচ্ছে। উন্নত দেশগুলোতে প্রযুক্তি ও কারিগরি শিক্ষায় দক্ষতা বাঢ়ানোর জন্য সরকার ব্যাপকভাবে বরাক দিচ্ছে, যার ফলে তাদের শ্রমবাজার অনেক বেশি

প্রতিযোগিতামূলক
হচ্ছে।

বাংলাদেশের
মতো উন্নয়নশীল
দেশগুলোতেও এ
ধরনের দক্ষতা
অর্জন করা অত্যন্ত
গুরুত্বপূর্ণ, যাতে
বৈশ্বিক বাজারে
প্রতিযোগিতার



মাধ্যমে চিকে ধাকা যায়। বর্তমান বিশ্বে প্রযুক্তির দ্রুত পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। তাই নতুন প্রজন্মের মধ্যেও আধুনিক প্রযুক্তি শেখার দক্ষতা ধাকা উচিত। কারণ কারিগরি শিক্ষা মানুষকে নতুন প্রযুক্তি, যন্ত্রপাতি, সফটওয়্যার এবং অন্যান্য প্রযুক্তি ব্যবহার করতে শেখায়। যখন মানুষ কারিগরি শিক্ষায় শিক্ষিত হয়, তখন তাদের উপার্জনের পথ সুগম হয়। এর ফলে আর্থিক অবস্থার উন্নতি হয় এবং দারিদ্র্য হ্রাস পায়। কারিগরি শিক্ষার মাধ্যমে চাকরি পাওয়া সহজতর হওয়ার পাশাপাশি নতুন উদ্যোগে সৃষ্টি হয়, যা দারিদ্র্যের হার কমাতে সহায়ক ভূমিকা পালন করে।
বন্ধু প্রথাগত শিক্ষা পদ্ধতি সব শিক্ষার্থীর জন্য উপযুক্ত নয়। অনেক শিক্ষার্থীর জন্য একাডেমিক শিক্ষা কঠিনও হতে পারে, কিন্তু তারা কারিগরি শিক্ষার মাধ্যমে তাদের প্রকৃত প্রতিভা ও দক্ষতা দেখাতে পারে। এর মাধ্যমে তারা শিক্ষার আরেকটি বিকল্প পথ অনুসরণ করতে পারে। এছাড়া বর্তমানে চাকরির বাজারে প্রবেশের জন্য শুধু সাধারণ শিক্ষাই যাধোষ নয়। কারিগরি শিক্ষার উন্নয়ন এজন সরকার ও সমাজের কাছে একটি গুরুত্বপূর্ণ দাবি হয়ে উঠেছে। কাজেই সরকারের উচিত কারিগরি শিক্ষায় অধিকতর নজর দেওয়া, যাতে বেশি মানুষ কারিগরি শিক্ষা লাভ করে দেশের উন্নয়নে অবদান রাখতে পারে।

ইমরান ফয়সাল : শিক্ষার্থী, ঢাকা কলেজ

imrantaisai4454@gmail.com